



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/ কলেজ/ অনু:/২০১৪/ ৮১৬৫

তারিখ: ০৭/০৭/১৪

বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা এবং বিপণন বিষয়ের পাঠদানের অনুমতি প্রদান

সূত্র : কলেজের স্মারক নং- আ: হো: চৌ: মে: ক ২০১৪/৪৬, তারিখঃ ০৪/০৫/২০১৪।

উপর্যুক্ত বিষয়ের আলোকে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে আখতার হোসেন চৌধুরী মেমোরিয়াল কলেজ, ডাকঘরঃ কাঠালতলী, উপজেলাঃ মির্জাগঞ্জ, জেলা: পটুয়াখালী -এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে উৎপাদন ব্যবস্থাপনা এবং বিপণন বিষয়ে প্রাথমিকভাবে ০১-০৭-২০১৩ হতে ৩০-০৬-২০১৪ খ্রি. পর্যন্ত ০১ (এক) বছরের জন্য পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

পাঠদানের অনুমতির সময়সীমা অতিক্রান্ত হবার পর পুনরায় পাঠদানের অনুমতি নবায়ন করতে হবে। অন্যথায় উক্ত পাঠদানের অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শর্তাবলী :

- ১) পাঠদানের এ অনুমতিকে কোন ক্রমেই স্বীকৃতি বলে বিবেচনা করা যাবে না।
- ২) সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা এবং ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা বিষয়ের শিক্ষক থাকলে নতুন শিক্ষক নিয়োগ দেয়া যাবে না।
- ৩) প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ (পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করাতে হবে।
- ৪) কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষায় পাসের হার আরও উন্নীত করতে হবে।
- ৫) জনবল কাঠামো ২০১০-এর বিধি মোতাবেক অতিরিক্ত শিক্ষক/কর্মচারী নিয়োগ করে বেতনের সরকারি অংশ উত্তোলন করা যাবে না।
- ৬) টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে।
- ৭) গ্রন্থাগারে পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে।
- ৮) জরুরী ভিত্তিতে বাৎসরিক রুশ রুটিন অত্র বোর্ডে দাখিল করতে হবে।
- ৯) সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ১০) শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে।

(ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

টেলিফোন- ০৪৩১-৬৪৭৪৫

অধ্যক্ষ

আখতার হোসেন চৌধুরী মেমোরিয়াল কলেজ

ডাকঘরঃ কাঠালতলী

উপজেলাঃ মির্জাগঞ্জ, জেলা: পটুয়াখালী

অনুলিপি প্রেরিত

২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
৪. সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত), অত্র বোর্ড, বিজ্ঞপ্তিটি বরিশাল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ
৫. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
৬. সংক্ষণ নথি